# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৭৭

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়ামের ইফতারের বিবরণ

بَابُ فِى الْاِفْطَارِ مِنَ التَّطَوُّعِ

---

## আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أُمِّ سُلَيْمٍ فَأَتَتْهُ بِتَمْرٍ وَسَمْنٍ فَقَالَ: «أَعِيدُوا سَمْنَكُمْ فِي سِقَائِهِ وَتَمْرَكُمْ فِي وِعَائِهِ فَإِنِّي صَائِمٌ» . ثُمَّ قَامَ إِلَى نَاحِيَةٍ مِنَ الْبَيْتِ فَصَلَّى غَيْرَ الْمَكْتُوبَةِ فَدَعَا لأم سليم وَأهل بَيتها. رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

২০৭৭-[২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন উম্মু সুলায়ম-এর কাছে গেলেন। সে রসূলের জন্য ঘি ও খেজুর আনল। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি ঘি পাত্রে ঢালো আর খেজুরগুলোকে থালায় রাখো। কেননা আমি সায়িম। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ঘরের এক কোণে দাঁড়িয়ে ফরয সালাত ছাড়া সালাত আদায় করতে লাগলেন। অতঃপর উম্মু সুলায়ম ও তাঁর পরিবারের জন্য দু'আ করলেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৯৮২, ইবনু হিব্বান ৯৯০, আহমাদ ১২০৫৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে দলীল রয়েছে যে, নিশ্চয়ই যে ব্যক্তি নফল সিয়াম রাখবে, তার নিকট খাদ্য উপস্থিত হলে তার ওপর সিয়াম ভঙ্গ করা ওয়াজিব নয়। তবে যদি সিয়াম ভঙ্গ করে তাহলে পূর্বে উল্লেখিত হাদীসের ভিত্তিতে তা জায়িয।

এ হাদীসের উপকারিতার মধ্য হতে একটি হলো, আগমনকারীকে সাধ্যানুযায়ী হাদিয়্যাহ্ দেয়া বৈধ, আর হাদিয়্যাহ্ দাতা যদি কষ্টকর মনে না করে তবে উক্ত হাদিয়্যাহ্ ফিরিয়ে দেয়াও বৈধ রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56637

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন